

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৬৩৮.২০১১-১০৬২

তারিখ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
৭ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৬৪৪৯/২০১১ এ বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রায়/আদেশের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ পৌর-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.১২.০০১.১৪-৬৩৪ তারিখঃ ১৭.৫.২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পৌরসভার চাকুরি বিধিমালা, ১৯৯২ কে চ্যালেঞ্জ করে পৌরসভায় কর্মরত উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/যান্ত্রিক) পদ হতে পদোন্নতির দাবীতে জিল্লুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ও অন্যান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৬৪৪৯/২০১১ দায়ের করেন।

২। উল্লেখ্য, পৌরসভা চাকুরি বিধিমালা, ১৯৯২ পরিবর্তন ও পরিবর্ধন করে পৌরসভার জন্য নতুন সাংগঠনিক কাঠামো ও চাকুরি বিধিমালার খসড়া প্রণয়নপূর্বক সম্মতি প্রদানের জন্য ইতোপূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিভিন্ন শ্রেণীর পৌরসভার কাজের পরিধি, রাজস্ব আদায়, যানবাহন, উন্নয়নমূলক কর্মকান্ড, জনসংখ্যার আয়তন ইত্যাদি তথ্যাবলী বিশ্লেষণ এবং পৌরসভার বিভিন্ন বিভাগের কার্যক্রম পূঙ্খানুপূঙ্খভাবে পরীক্ষা নিরীক্ষা করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে অনুরোধ জানানো হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে।

৩। রীট পিটিশন নং-৬৪৪৯/২০১১ এর পিটিশনার [উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/যান্ত্রিক)]-দের আবেদনসমূহ স্থানীয় সরকার বিভাগ কর্তৃক আমলে নেয়া হয়েছে। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো ও পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা-তে পৃথকভাবে উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/যান্ত্রিক) পদধারীদের-কে সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/যান্ত্রিক) পদে পদোন্নতির সুযোগ রাখা হয়েছে। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো ও চাকুরী বিধিমালা চূড়ান্তকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এটি চূড়ান্ত হলে রীট পিটিশনারদের সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/যান্ত্রিক) পদে পদোন্নতির দাবী সংশ্লিষ্ট সমস্যা নিরসন হবে।

৪। এমতাবস্থায়, হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৬৪৪৯/২০১১ এর পিটিশনার [জিল্লুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ ও অন্যান্য)] এর আবেদনসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিবেচনাপূর্বক নিষ্পত্তি করা সংক্রান্ত উপসচিব (পৌর-১) অধিশাখা হতে প্রাপ্ত পত্রটি বিজ্ঞ আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তঃ ১(এক) ফর্দ।


(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সলিসিটর উইং
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ২। উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৫। অফিস কপি।